



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (২য় সংশোধিত) প্রকল্প  
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)  
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫  
[www.iresppw-brdb.gov.bd](http://www.iresppw-brdb.gov.bd)


স্মারক নং-৪৭.৬২.০০০০.৯৬৬.০০.৯৮১.১৪- ৬৯২

তারিখঃ ০৯/১০/২০১৭ খ্রিঃ

বিষয়ঃ মেয়াদোত্তীর্ণ খেলাপীর কারণে স্থগিতকৃত বেতনভাতা প্রদান।

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (২য় সংশোধিত) প্রকল্পের স্মারক নং ২৬৭৩, তারিখঃ ০৫/০৪/২০১৫ এবং ৩২২৪, ০৯/১১/২০১৫ খ্রিঃ মোতাবেক জনাব সঞ্জীব কুমার মজুমদার, কৃষি প্রশিক্ষণ সমন্বয়ক (পিরোজপুর জেলার বিপরীতে পিরোজপুর সদর উপজেলায় লোন রিকভারী কর্মচারী হিসেবে সংযুক্ত) এর বেতনভাতা যথাক্রমে ২০% ও ৩০% স্থগিত রাখার জন্য নির্দেশনা প্রদান করা হয়। পরবর্তীতে বর্ণিত কর্মচারীর আওতাধীন সমিতিতে মেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণনের পরিমাণ সহনীয় পর্যায়ে উন্নিত হওয়ায় এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বেতনভাতা স্থগিত আদেশ প্রত্যাহারের সুপারিশ করায় প্রকল্প দপ্তরের স্মারক নং ৩৮০৯, তারিখঃ ২৮/০৬/২০১৬ খ্রিঃ অনযায়ী উক্ত কর্মচারীর বেতনভাতা স্থগিতের হার পূর্ণবিন্যাস করে ১০% স্থগিত রেখে অবশিষ্ট প্রত্যাহারকৃত পূর্বের স্থগিত বকেয়া বেতনভাতা প্রদানের নির্দেশনা দেয়া হয়।

প্রকল্পের স্মারক নং ৬৭৪ তারিখঃ ০৩/১০/২০১৭ খ্রিঃ মূলে বর্ণিত কর্মচারী-কে ভোলা জেলায় বদলী করে বোরহানউদ্দিন উপজেলায় প্রকল্পের ভারপ্রাপ্ত সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তার দায়িত্ব পালনের জন্য সংযুক্ত করা হয়েছে। তাই কর্তৃপক্ষের নির্দেশক্রমে উল্লেখিত কর্মচারীর বিপরীতে বর্তমানে ১০% বেতনভাতার স্থগিত আদেশ প্রত্যাহার করে তার স্থগিতকৃত বকেয়া বেতনভাতা প্রদানের অনুমোদন দেয়া হলো।

  
মোঃ হাবিবুর রহমান হাবিব  
সহকারী পরিচালক, ইরেসপো  
বিআরডিবি, ঢাকা।

উপপরিচালক  
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
জেলাঃ পিরোজপুর

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১. জনাব সঞ্জীব কুমার মজুমদার, এটিসি, পিরোজপুর।
২. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, উপজেলাঃ পিরোজপুর সদর, জেলাঃ পিরোজপুর।
৩. প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৪. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৫. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৬. অফিস কপি/ব্যক্তিগত নথি/গার্ড ফাইল।